# জাতীয় বাজেট ২০২৩-২০২৪: সারসংক্ষেপ

## শিক্ষা




বাস্তবায়নে

BAMU
Budget Analysis and Monitoring Unit
Bangladesh Parliament Secretariat

কারিগরি সহায়তায়

Funded by the European Union

50 Years of EU-Bangladesh Partnership

Global Gateway

সহযোগিতায়: DT Global

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

বাজেট হেল্পডেস্ক ২০২৩

Technical Assistance to Support the Implementation of the PFM Reform Strategic Plan in Bangladesh

## ১. প্রেক্ষাপট ও শিক্ষা বাজেটের উল্লেখযোগ্য দিক

উন্নত দেশ গড়ার লক্ষ্যে শিক্ষা ব্যবস্থার উন্নয়নে বাজেটে শিক্ষা খাতে অগ্রাধিকারের বিকল্প নেই। বাংলাদেশ সরকার "সকল স্তরে শিক্ষার মান বৃদ্ধি" অভিলক্ষকে সামনে রেখে, দেশের শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন আনয়নে কাজ করে যাচ্ছে। একটি বিজ্ঞানভিত্তিক, প্রযুক্তি নির্ভর, দক্ষতাবর্ধক, উদ্ভাবন ও সৃজনশীলতা সহায়ক শিক্ষা ব্যবস্থা প্রণয়নে বর্তমানে বিভিন্নমুখী নীতি ও কার্যক্রম গ্রহণ অব্যাহত রয়েছে।

ইতোমধ্যেই ২০০৯ থেকে ২০২৩ পর্যন্ত সময়ে ৩৫১টি মাধ্যমিক বিদ্যালয় ও ৩৭১টি কলেজ জাতীয়করণ, সরকারি বিদ্যালয়বিহীন ৩১৫টি উপজেলা সদরে অবস্থিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে মডেল স্কুলে রূপান্তরণ, জেলা সদরে অবস্থিত সরকারি পোস্ট গ্রাজুয়েট কলেজে ১৮০টি ভবন নির্মাণ করা সহ নানামুখী উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আশা করা যায়, সরকারের নেওয়া চলমান উদ্যোগগুলো রূপকল্প ২০৪১ এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার চতুর্থ লক্ষ্য, 'সবার জন্য মান সম্মত শিক্ষা' অর্জনে সহায়ক হবে।

চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ ছিল ৭০ হাজার ৫০৭ কোটি, যা মোট সংশোধিত বাজেটের ১০.৭ শতাংশ। আসন্ন ২০২৩-২৪ অর্থবছরের জন্য প্রণীত বাজেটে শিক্ষা খাতে মোট ৮৮ হাজার ১৬২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাবনা করা হয়েছে, যা প্রস্তাবিত মোট বাজেটের ১১.৬ শতাংশ। উক্ত বরাদ্দ নির্ধারিত রয়েছে শিক্ষাখাতে অন্তর্ভুক্ত তিনটি মন্ত্রণালয় এবং বিভাগের জন্য- (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, (খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, এবং (গ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।


আসন্ন অর্থবছরে শিক্ষা খাতে বেশ কিছু প্রকল্প চলমান এবং নতুন প্রকল্প শুরু করার প্রস্তাবনা রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে শিক্ষা খাতের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২৮ হাজার ৯২৮ কোটি টাকা। শিক্ষা খাতের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত গুরুত্বপূর্ণ প্রকল্পের মধ্যে রয়েছে - দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান, নারী শিক্ষার্থীদের বিশেষ সহায়তা প্রদান, নতুন শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন ও স্থাপিত শিক্ষাপ্রতিষ্ঠান সমূহের অবকাঠামো উন্নয়ন, দরিদ্র শিক্ষার্থীদের জন্যে আর্থিক সহায়তা প্রদান, শিক্ষার্থীদের পুষ্টি, মানসিক ও প্রজনন স্বাস্থ্য, শারীরিক শিক্ষা ও সেবা প্রদান, শিক্ষকদের কার্যকরি প্রশিক্ষণ প্রদান, প্রচলিত শিক্ষা ব্যবস্থা স্মার্ট ও ডিজিটালাইজেশনকরণ, কোমলমতি শিক্ষার্থীদের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান সজ্জিত করার মাধ্যমে আনন্দঘনকরণ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষার উন্নয়ন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের সম্পৃক্ততা বৃদ্ধি ইত্যাদি।


## ২। শিক্ষাখাতে ২০২৩-২৪ অর্থবছরে বাজেট প্রস্তাবনা

চলতি অর্থ বছরে (২০২২-২৩) শিক্ষা খাতের জন্য বাজেটে মোট বরাদ্দ ছিল ৮১ হাজার ৪৪৯ কোটি টাকা - যা মোট বাজেটের ১২.০ শতাংশ। পরবর্তিতে সংশোধিত বাজেটে বরাদ্দ হ্রাস করে ৭০ হাজার ৫০৭ কোটি টাকা করা হয় - যা মোট বাজেটের ১০.৭ শতাংশ (লেখচিত্র ১)। আসন্ন ২০২৩-২৪ অর্থবছরে শিক্ষা খাতের জন্য ৮৮ হাজার ১৬২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে - যা মোট বাজেটের ১১.৬ শতাংশ (লেখচিত্র ১)। আসন্ন ২০২৩-২৪ অর্থবছরে শিক্ষা খাতে এই বরাদ্দ চলতি অর্থবছরে বাজেটে বরাদ্দের চেয়ে ৮.৩ শতাংশ এবং সংশোধিত বরাদ্দের চেয়ে ২৫.১ শতাংশ বেশি (লেখচিত্র ১)।

শিক্ষার সাথে সম্পর্কিত মন্ত্রণালয় এবং বিভাগগুলোর জন্য আসন্ন ২০২৩-২৪ অর্থবছরের জন্য বরাদ্দ চলতি ২০২২-২৩ অর্থ বছরের চেয়ে বৃদ্ধি পেয়েছে - যার মধ্যে সর্বাধিক বরাদ্দ প্রস্তাব করা হয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জন্য, যার পরিমাণ ৪২ হাজার ৮৩৮ কোটি টাকা (লেখচিত্র ২)। অপরদিকে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য ৩৪ হাজার ৭২২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র ২)। এছাড়াও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য ২০২৩-২৪ অর্থবছরে ১০ হাজার ৬০২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র ২)।


**লেখচিত্র ১: বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ**




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার, বিবরণী-২, পৃ. ৯

**লেখচিত্র ২: শিক্ষা খাতে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ প্রস্তাবনা**





তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার, বিবরণী-২, পৃ. ৯

## ৩.বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে শিক্ষা খাতে বরাদ্দ

২০২৩-২৪ অর্থবছরে শিক্ষা খাতের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাবিত বরাদ্দ ২৮ হাজার ৯২৮ কোটি টাকা (লেখচিত্র ৩)। তন্মধ্যে, সর্বাধিক বরাদ্দ প্রস্তাব করা হয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জন্য - যার পরিমাণ ১৪ হাজার ৮৭ কোটি টাকা (লেখচিত্র ৩)। অপরদিকে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য ১২ হাজার ১৮ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র ৩)। এছাড়াও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়েছে ২ হাজার ৮২৩ কোটি টাকা (লেখচিত্র ৩)।

**লেখচিত্র ৩: ২০২৩-২৪ অর্থবছরে শিক্ষা খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ প্রস্তাবনা**




তথ্যসূত্র: বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২৩-২৪

## ৪. উপসংহার

উন্নত রাষ্ট্র বিনির্মাণে উন্নত শিক্ষা ব্যবস্থার কোন বিকল্প নেই। বাংলাদেশের শিক্ষাখাত সাম্প্রতিককালে বিশেষ করে করোনা মহামারির সময়কালে বেশ কিছু ক্ষতির সম্মুখীন হয়েছে। তাই বর্তমান ও আগামী দিনগুলোতে বাজেটে শিক্ষা খাতে যথাযথ বরাদ্দ এবং সেই বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিতে পদক্ষেপ নেয়া প্রয়োজন।

This printed material was produced with the financial support of the European Union. Its contents are the sole responsibility of DT Global and CPD, and do not necessarily reflect the views of the European Union.